# M.A 1st Semester Examination - 2022

## BENGALI

## PAPER : BNG - 101

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

### বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

১) আর্যেতর ও বাংলার প্রাচীন ভাষা সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

২) মধ্যভারতীয় আর্যভাষার অপভ্রংশ - অবহট্ঠ স্তর সম্পর্কে আলোচনা করো।

৩) নব্যভারতীয় আর্যভাষার পরিচয় দিয়ে বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি লেখো।

৪) বাংলা লিপির উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

### বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর লেখো : ৫×৪=২০

৫) কেন্তুম শাখার ভাষাগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৬) ক্লাসিক্যাল সংস্কৃতের সংক্ষিপ্ত আলোচনা করো।

৭) অশোক অনুশাসন থেকে একটি শ্লোকের পাঠ উল্লেখ করে এই ভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক ও দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ লেখো।

৮) নব্যভারতীয় আর্যভাষার শব্দভাণ্ডার সম্পর্কে আলোচনা করো।

৯) মৈথিলী ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

১০) পৃথিবীর ভাষা সমূহের শ্রেণী বিভাগ করো।



..............................................................

Scanned with CamScanner

Total Pages-1 VU/Sitananda/M.A/BNG -102/Sem-1/22

**M.A 1st Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 102**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x১০=২০

১) সূফীবাদের মূল কথা কী ? সূফী ধর্মদর্শনের সাধারণ পরিচয় দাও ।

২) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক গুরুত্ব নির্ণয় করো ।

৩) মঙ্গলকাব্যের ধারায় 'চন্ডীমঙ্গল' কাব্যের বিশেষত্ব নির্দেশ করে মুকুন্দরাম চক্রবর্তীর কবিত্বের পরিচয় দাও ।

৪) আরাকান রাজসভার কবি আলাওলের বিশেষত্ব আলোচনা করো ।

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৫=২০

৫) প্রাচীন বাংলায় সংস্কৃত সাহিত্যচর্চার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

৬) বিদ্যাপতির কবি প্রতিভার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো

৭) টীকা লেখো - 'গোরক্ষ বিজয়'

৮) টীকা লেখো - 'বাইশা'

৯) জীবনীকাব্য হিসেবে চৈতন্যভাগবতের বৈশিষ্ট্য নির্দেশ করো ।

১০) শাক্ত দর্শনের সংক্ষিপ্ত পরিচয় দাও ।



.....................................................

Scanned with CamScanner

**M.A 1st Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 103**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

## বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x১০=২০

১) 'প্রাকৃত পৈঙ্গল' গ্রন্থে বাংলার লোক জীবনের যে ছবি অঙ্কিত হয়েছে তার পরিচয় দাও ।

২) তোমার পঠিত পদগুলি অবলম্বনে চর্যাপদে প্রতিফলিত সমকালীন সমাজ চিত্রের পরিচয় দাও ।

৩) বড়ু চন্ডীদাস রচিত 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে তোমাদের পাঠ্য খণ্ডগুলি অবলম্বনে রাধা চরিত্রটি আলোচনা করো ।

৪) কৃত্তিবাস রচিত রামায়ণের অরণ্য কাণ্ডে বর্ণিত সীতা চরিত্রটি বিশ্লেষণ করো ।

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৫=২০

৫) 'স্থলকমলগঞ্জনম মম হৃদয়রঞ্জনম জনিত-রতি-রঙ্গ-পরভাগম ।
ভণ মসৃণ বাণি করবাণি চরণদ্বয় সরস-লসদলক্তকরাগম ।।
স্মর-গরল-খণ্ডনং মম শিরসিমণ্ডনম
দেহি পদপল্লবমুদারম ।
জ্বলতি ময়ি দারুণো মদনকদনানলো হরতু তদুপাহিতবিকারম ।।' - অনুবাদ করো ।

৬) 'আরে রে বাহি হি কাহ্ন নাব' - সমকালীন কৃষ্ণকথার প্রেক্ষিতে পদটি ব্যাখ্যা করো ।

৭) 'নগর বাহিরিরে ডোম্বি তোহোরি কুড়িয়া' । - পদটির অন্তর্নিহিত গূঢ় অর্থ পরিস্ফুট করো ।

৮) 'উঁচা উঁচা পাবত ....... পদটির কাব্য সৌন্দর্য সংক্ষেপে বিশ্লেষণ করো ।

৯) টীকা লেখো - বড়াই চরিত্র

১০) কৃত্তিবাসের অনুসরণে 'মায়ামৃগ' প্রসঙ্গটি অলোচনা করো ।



.................................................................

Scanned with CamScanner

**M.A 1st Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 104**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

## বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x১০=২০

১) 'তাতল সৈকত বারিবিন্দুসম' - পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো ।

২) কৃষ্ণদাস কবিরাজের 'শ্রী শ্রী চৈতন্যচরিতামৃত' গ্রন্থ অবলম্বনে চৈতন্যদেবের অবতারত্বের কারণ ব্যাখ্যা করো ।

৩) মুকুন্দ চক্রবর্তীর 'চন্ডীমঙ্গল' কাব্যের 'আত্মজীবনী' অংশ অবলম্বনে ষোড়শ শতকের বাংলাদেশের রাজনৈতিক স্বরূপ সম্পর্কে আলোচনা করো ।

৪) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কাব্যের ঐতিহাসিকতা বিচার করো ।

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৫=২০

৫) 'রূপ লাগি আঁখি ঝুরে' পদটিতে পদকারের রোমান্টিকতার যে প্রকাশ ঘটেছে - তা আলোচনা করো ।

৬) তোমাদের পাঠ্য পদ অবলম্বনে রূপানুরাগের পদে জ্ঞানদাসের স্বাতন্ত্র্য নির্দেশ করো ।

৭) টীকা লেখো - সখীতত্ত্ব ।

৮) ''অরসজ্ঞ কাক মজে জ্ঞান নিম্ব ফলে।/ রসজ্ঞ কোকিল মজে প্রেমাম্র মুকুলে।'' - মন্তব্যটি বিশ্লেষণ করো ।

৯) ''দুঃখ কর অবধান, দুঃখ কর অবধান।/ আমানি খাবার গর্ত দেখ বিদ্যমান ।।'' - এই উক্তির মাধ্যমে বক্তার চরিত্রের কোন দিকগুলি ফুটে উঠেছে ?

১০) 'পদ্মাবতী' কাব্যে আলাওল মূল কাব্য থেকে কী কী গ্রহণ করেছেন ও কী কী বর্জন করেছেন - তা সূত্রাকারে বর্ণনা করো ।



.......................................

Scanned with CamScanner

**M.A 1st Semester Examination – 2022**

**BENGALI**

**PAPER : BNG – 105**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

## বিভাগ - ক

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x ১০=২০

১) বাংলা গদ্য সাহিত্যের বিকাশে রামমোহন রায়ের অবদান পর্যালোচনা করো । ।
২) 'শকুন্তলা' গদ্য আখ্যান অবলম্বনে শকুন্তলা চরিত্রচিত্রণে বিদ্যাসাগরের মৌলিকতার পরিচয় দাও ।
৩) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের অন্তর্গত 'বিড়াল' প্রবন্ধটি ধনতান্ত্রিক সমাজ ব্যবস্থার বিরুদ্ধে একটি শিল্পিত প্রতিবাদ, - আলোচনা করো ।
৪) মপাসাঁ ও চেখফ-এর সঙ্গে রবীন্দ্রনাথের তুলনা প্রাবন্ধিক যেভাবে করেছেন পাঠ্য প্রবন্ধ অবলম্বনে তা নিজের ভাষায় লেখো ।

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৫=২০

৫) বাংলা গদ্যচর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের পন্ডিত-মুন্সীদের অবদান সংক্ষেপে আলোচনা করো ।
৬) অন্নদাশঙ্কর রায়ের গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো ।
৭) 'শকুন্তলা' গদ্য আখ্যান অবলম্বনে তপোবনের চিত্রটি সংক্ষেপে বর্ণনা করো ।
৮) 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধ গ্রন্থ অবলম্বনে কমলাকান্ত চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো ।
৯) 'সমাজতন্ত্র' প্রবন্ধ অবলম্বনে লেখকের 'সমষ্টি' ও 'ব্যষ্টি'র বিষয়ে ধারণা পরিস্ফুট করো ।
১০) 'শিক্ষা ও সংস্কৃতি' প্রবন্ধে সুনীতিকুমার শিক্ষার সাথে সংস্কৃতির যোগসূত্র কীভাবে উল্লেখ করেছেন তা আলোচনা করো ।



Scanned with CamScanner